

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৮৭
কুমারঘাট, ২৬ মার্চ, ২০২৪

**প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা
কুমারঘাট মহকুমায় সভা**

কুমারঘাট মহকুমায় প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার জন্য ২০২৪-২৫ সালের কর্ম পরিকল্পনা তৈরী করতে কুমারঘাট পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে আজ এক সভা অনুষ্ঠিত হয়। এই সভায় উনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক দশরথ দেববর্মা, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা, কুমারঘাট ব্লকের বিডিও ডা. সুদীপ ভৌমিক সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। অ্যাকশন প্ল্যান তৈরীর করার জন্য ২৭টি বিষয়ের উপর অতিরিক্ত জেলাশাসক দশরথ দেববর্মা আলোচনা করেন। সভায় স্বাগত বক্তব্য রাখেন বিপর্যয় মোকাবিলার জেলা প্রোগ্রাম অফিসার সুব্রজিৎ নাথ।
